**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly Session :**

ত্রয়োদশ বিধানসভার অষ্টম অধিবেশন তিনদিন বিরতি থাকার পর আজ সকাল ১১টায় পুনরায় বসছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরের কারণ গতকাল অধিবেশন স্থগিত রাখা হয়।

*************************

**PM in Arunachal Pradesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল অরুণাচল প্রদেশে ৫,১০০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো প্রকল্পের সূচনা করেছেন। প্রধানমন্ত্রী সড়ক যোগাযোগ, স্বাস্থ্যসেবা এবং অগ্নি নিরাপত্তা সহ বিভিন্ন ক্ষেত্রে ১,২৯০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের সূচনা করেছেন। পরে, ইটানগরের ইন্দিরা গান্ধী পার্কে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, পরবর্তী প্রজন্মের জন্য জিএসটি সংস্কারের ফলে বিভিন্ন ক্ষেত্রেই করের হার হ্রাস করা হয়েছে। তাতে সবচেয়ে বেশী উপকৃত হবেন দেশের মহিলারা।

#####Byte-PM#####

****************************

**Animesh Debbarma Press Meet :**

বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা আসন্ন দুর্গাপূজা লক্ষ্মীপূজা ও কালীপূজার সময় পরিবেশ দূষণ মুক্ত রাখতে বিভিন্ন বিধিমালা মেনে চলার আহ্বান জানিয়েছেন। গতকাল সচিবালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন পূজার দিনগুলিতে রাত ১২টা থেকে পরদিন ভোর ৬টা পর্যন্ত মাইক্রোফোন, বাদ্যযন্ত্র ইত্যাদি ব্যবহার করা

যাবেনা। হাসপাতাল, শিক্ষাকেন্দ্র এবং আদালতের ১০০ মিটারের মধ্যে মাইক বাজানো বা বাজি পোড়ানো যাবেনা। ৯০ ডেসিবেলের বেশি শব্দ সৃষ্টিকারী বাজি মজুত, বিক্রয় এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। তিনি বলেন পূজা এবং পূজা পরবর্তী বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে মাইক বাজাতে হলে সংশ্লিষ্ট মহকুমা পুলিশ অফিসারের অগ্রিম অনুমতি নিতে হবে।

*******************************

**Hemant Verma Oath Taking TERG :**

ত্রিপুরা ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনের নতুন চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন হেমন্ত ভার্মা। গতকাল বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ সচিবালয়ে তাঁকে শপথবাক্য পাঠ করান। উল্লেখ্য, শ্রীভার্মা এর পূর্বে ছত্তিশগড় রাজ্যের ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান পদে নিযুক্ত ছিলেন।

************************

**PM-Tripureshawari Temple :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল কেন্দ্রীয় প্রসাদ প্রকল্পে নতুনভাবে নির্মীয়মান মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরের পরিকাঠামোর উদ্বোধন করেন। তিনি অরুণাচল প্রদেশ থেকে বিশেষ বিমানে আগরতলায় এমবিবি বিমানবন্দর এসে পৌঁছেন। আগরতলা থেকে প্রধানমন্ত্রীর হেলিকপ্টারে পালাটানায় ও.টি.পি.সি-র হেলিপেডে অবতরণ করেন। সেখান থেকে সড়কপথে ত্রিপুরা সুন্দরী মন্দিরে এসে পৌঁছেন। প্রধানমন্ত্রীকে স্বাগত জানান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। প্রধানমন্ত্রী পরে ত্রিপুরা সুন্দরী মন্দিরে পুজো দেন। এরপর তিনি মন্দির প্রাঙ্গনে নবনির্মিত পরিকাঠামোর ফলক উন্মোচন করেন। মন্দির প্রাঙ্গণে প্রসাদ প্রকল্পে পুনঃ বিকশিত এবং এই মন্দিরের ইতিহাস সংক্রান্ত সচিত্র তথ্য প্রদর্শনী ঘুরে দেখেন।

****************************

**Amit Shah–GST Reform :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সামাজিক মাধ্যম এক্স–এ জানান, জিএসটি সংস্কার আত্মনির্ভরতাকে উজ্জীবিত করবে। অনেক দুগ্ধজাত পণ্যের ওপর জি.এস.টি শূন্য করা এবং সাবান, টুথব্রাশ, টুথপেস্ট, চুলের তেল, শ্যাম্পুর মতো দৈনন্দিন জিনিসগুলিতে অভূতপূর্ব হ্রাস, পরবর্তী প্রজন্মের জিএস টি সংস্কার প্রতিটি শ্রেণীর ঘরে সুখের উপহার নিয়ে এসেছে। জি.এস.টি সংস্কার দেশবাসীর সঞ্চয়ের ক্ষেত্রে ঐতিহাসিক বৃদ্ধি আনবে।

**************************

**Maan–Ki–Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮–শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন–কি–বাত' অনুষ্ঠানে দেশ–বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন–কি–বাত'–এর ১২৬তম পর্ব।

*****************************

**New Portal–GST :**

জিএসটি–সম্পর্কিত অভিযোগ দায়ের করার জন্য একটি পোর্টাল চালু করা হয়েছে। জি.এস.টি সংস্কারের পরে নতুন হার, বিলিং এবং ছাড় সম্পর্কে অভিযোগকারী তার অভিযোগ জমা দিতে পারেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানিয়েছে, এর ফলে নতুন ব্যবস্থার অধীনে, জাতীয় গ্রাহক হেল্পলাইনের ইন্টিগ্রেটেড গ্রিভান্স রিড্রেসাল মেকানিজম পোর্টালে জিএসটি–সম্পর্কিত অভিযোগ নথিভুক্ত করার জন্য একটি পৃথক বিভাগ তৈরি করা হয়েছে। টোল–ফ্রি নম্বর ১৯১৫, এনসিএইচ অ্যাপ, ওয়েব পোর্টাল, হোয়াটসঅ্যাপ, এসএমএস, ইমেল, অথবা উমঙ্গ অ্যাপের মাধ্যমেও অভিযোগ নথিভুক্ত করা যাবে। এই পরিষেবা হিন্দি, ইংরেজি, তামিল, বাংলা, গুজরাটি এবং অসমিয়া–সহ ১৭টি আঞ্চলিক ভাষায় পাওয়া যাবে।

***************************

**Swasth Nari Sashakt Parivar Abhiyaan :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, সুস্থ নারী সশক্ত পরিবার অভিযানের আওয়তায় এ মাসের ২০ তারিখ পর্যন্ত দেশ জুড়ে প্রায় তিন লক্ষ স্বাস্থ্য শিবির গড়ে তোলা হয়েছে। প্রধানমন্ত্রীর জন্মদিনে গত ১৭ সেপ্টেম্বর এই অভিযানের সূচনা হয়। ৭৬ লক্ষের বেশি নাগরিক এই অভিযানে নাম নথিভুক্ত করেছেন। স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে আশ্বাস দেওয়া হয়েছে, দেশের সব রকম স্বাস্থ্য পরিষেবা থেকে উপকৃত হবেন তাঁরা।

***************************

**Football :**

সদ্য সমাপ্ত চন্দ্র মেমোরিয়াল লিগ ফুটবলের পয়েন্ট টেবিল ঘোষিত হল। প্রথম ডিভিশন লিগ ফুটবলে ব্লাড মাউথ ক্লাব চ্যাম্পিয়ন এবং এগিয়ে চলো সংঘ রানার্স হয়েছে। দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে চ্যাম্পিয়ন এবং রানার্স রয়েছে ঐকতান যুব সংস্থা এবং বীরেন্দ্র ক্লাব। দ্বিতীয় ডিভিশন থেকে তৃতীয় ডিভিশনে নেমে গেছে ত্রিবেণী সংঘ। তৃতীয় ডিভিশন লিগ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে ভাটি অভয়নগরের বিবেকানন্দ ক্লাব এবং রানার্স হয়েছে উত্তর বাধারঘাটের স্বামী বিবেকানন্দ ক্লাব।

***************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

*****************************